বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৯৭৩ তারিখ: ২২-১২-২০২৪ খ্রিঃ

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এ নিম্নে উল্লিখিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৩৮৫ তারিখ: ২০-০৩-২০২৪ খ্রি: এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিম্নবর্ণিত পদে যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন করেছিলেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	**অ্যাসি: ম্যানেজার অপারেশন্স (জিএসই) (শুধু পুরুষ)** বেতন স্কেল- টা: ২৬,৫০০/---৫৭,৯৫০/- (বেতন বিভাগ-৬ষ্ঠ প্রশাসন) পদ সংখ্যা: ১২টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/মেকানিক্যাল/অটোমোবাইল/ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন/মেকাট্রোনিক্স ডিগ্রিধারী হতে হবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৪.৫ (৫ এর মধ্যে) অথবা ডিপ্লোমা ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.৬ (৪ এর মধ্যে) থাকতে হবে। বিএসসি ইঞ্জিনিয়ারিং-এ কমপক্ষে সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'বি' থাকতে হবে। ২) কম্পিউটার জ্ঞান ও ইংরেজিতে দক্ষতা বাঞ্ছনীয়। ৩) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৪) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০২	**অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার** বেতন স্কেল টা: ২২৫০০/----৫৪২৯০/- (বেতন বিভাগ-৫ম প্রশাসন) পদ সংখ্যা: ০৬টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স/ সিএসই/ আইটি/ ইইই/ ইটিই/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ডিগ্রি থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'ডি' থাকতে হবে। ২) কম্পিউটার জ্ঞান থাকতে হবে। ৩) যে কোনো প্রোগ্রামিং ভাষাতে জ্ঞান থাকতে হবে। ৪) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৫) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৩	**জুনিয়র অফিসার লাইসেন্স এন্ড ট্রেনিং কো-অর্ডিনেটর** বেতন স্কেল টা: ২২৫০০/----৫৪২৯০/- (বেতন বিভাগ-৫ম প্রশাসন) পদ সংখ্যা: ০১টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) যে কোনো বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) এবং স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ কমপক্ষে ৩.০ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'ডি' থাকতে হবে। ২) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার পরিচালনার বাস্তব অভিজ্ঞতা এবং বাংলা ও ইংরেজিতে টাইপ করার দক্ষতা থাকতে হবে। ৩) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৪) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৪	**সিনিয়র নার্সিং অ্যাসিস্ট্যান্ট** বেতন স্কেল-টা: ১৫,৯০০/---৩৮,৪০০/- (বেতন বিভাগ-৪র্থ প্রশাসন) পদ সংখ্যা: ২টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) ডিপ্লোমা ইন নার্সিং/ ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হতে হবে। ২) কম্পিউটার জ্ঞান থাকতে হবে।
০৫	**সিডিউলিং অ্যাসিস্ট্যান্ট (প্ল্যানিং এন্ড সিডিউলিং)** বেতন স্কেল- টা: ১৫,৯০০/---৩৮,৪০০/- (বেতন বিভাগ- ৪র্থ প্রশাসন) পদ সংখ্যা: ০৪টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসি অথবা সমমান পরীক্ষার ফলাফলে প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) অথবা ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে। স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ কমপক্ষে ৩.০ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'সি' থাকতে হবে। ২) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৩) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৬	**ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট** বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/- (বেতন বিভাগ-৩(২) প্রশাসন) পদ সংখ্যা: ১২ টি	১) স্নাতক ডিগ্রি, সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে)। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) অথবা ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'ডি' থাকতে হবে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
	বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	২) কম্পিউটার জ্ঞান অবশ্যই থাকতে হবে। ৩) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৪) সম্ভার ও ক্রয় সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। ৫) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৭	**প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট** বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/- (বেতন বিভাগ-৩(২) প্রশাসন) পদ সংখ্যা: **০৫ টি** বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি, সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে)। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) অথবা ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'ডি' থাকতে হবে। ২) বাংলা ও ইংরেজি টাইপ করার দক্ষতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। ৩) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৪) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৮	**পাম্প অ্যাসিস্ট্যান্ট** বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/- (বেতন বিভাগ-৩(২) প্রশাসন) পদ সংখ্যা: ০২ **টি** বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি, সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে)। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রত্যেকটিতে জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) অথবা ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে) থাকতে হবে। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে নূন্যতম 'ডি' থাকতে হবে। ২) কম্পিউটার জ্ঞান অবশ্যই থাকতে হবে। ৩) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/ বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। ৪) জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়।
০৯	**জুনিয়র ডেন্টার/ জুনিয়র পেইন্টার** বেতন স্কেল টা: ১১০০০/----২৬৫৯০/- (বেতন বিভাগ-৩(১) প্রশাসন) পদ সংখ্যা: ০২ টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) এইচএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২) সরকার কর্তৃক স্বীকৃত যে কোনো ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডে (আর্টিসান সনদপত্রধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে) ০১ (এক) বছরের ট্রেড কোর্স সার্টিফিকেটসহ ০২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা অথবা সরকার কর্তৃক স্বীকৃত যে কোনো ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিংয়ে ন্যূনতম ২ (দুই) বছরের ডিপ্লোমা/ট্রেড কোর্স থাকতে হবে।
১০	**ডেসপাচ রাইডার** বেতন স্কেল টা: ১১০০০/----২৬৫৯০/- (বেতন বিভাগ-৩(১) প্রশাসন) পদ সংখ্যা: ০২ টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর।	১) ন্যূনতম এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
১১	**এমটি অপারেটর (ক্যাজুয়াল)** বেতন বিভাগ ৩(১) প্রশাসন পদ সংখ্যা: ৫৮টি বয়স: ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩২ বছর। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।	১) ন্যূনতম এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২) হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ৩) হালকা যানবাহন চালনায় কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:

০১। সকল পদে বয়সসীমা ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। ক্রমিক নং ০১ থেকে ১০-এর অন্তর্ভুক্ত পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ০৩ (তিন) বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে। ক্রমিক নং ১১ এর পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ ৮৯ দিন ভিত্তিতে (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) নিয়োগ প্রাপ্ত হবেন।

০৩। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে।

০৪। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদের নাম সংশোধন/পরিবর্তন, পরীক্ষার সময়-সূচি পরিবর্তন এবং নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৫। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে/অনুমতিক্রমে আবেদন করতে হবে।

০৬। বিভিন্ন পদসমূহের নিয়োগ পরীক্ষা একইদিনে অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে প্রার্থীগণ নিজ দায়িত্বে একাধিক পদে আবেদন করবেন।

০৭। প্রার্থী নির্বাচনে সরকারি বিধি-বিধান অনুসরন করা হবে।

০৮। <u>**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ২৩-১২-২০২৪ খ্রিঃ, সকাল ১০:০০টা।
ii. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০১-০১-২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS (এসএমএস)-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. <u>**SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**</u>

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **ক্রমিক নং ১ এ বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য ৬৬৯/- (ছয়শত উনসত্তর টাকা), ক্রমিক নং ২ থেকে ৫ এ বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য ৫৫৮/-(পাঁচশত আটান্ন টাকা), ক্রমিক নং ৬ থেকে ৮ এ বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং ক্রমিক নং ৯ থেকে ১১ এ বর্ণিত পদসমূহের আবেদন ফি অফেরতযোগ্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।** অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা ইত্যাদি যে কোনো বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

- প্রথম SMS: BBAL4<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে ।
  Example: BBAL4 ABCDEF
- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBAL4<Space> Yes<Space>PIN and send to 16222.
- দ্বিতীয় SMS: BBAL4<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
- Example: BBAL4 YES 12345678
- Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BBAL4 Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ও www.biman.gov.bd এবং www.biman-airlines.com ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি প্রাথমিক বাছাই/লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL4<Space>Help<Space>User<Space>User ID & send to 16222 .
   Example: BBAL4 Help User ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে BBAL4<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .
   Example: BBAL4 Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৯। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নবর্ণিত সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে:**

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

মোহাম্মদ জহুরুল আলম
ব্যবস্থাপক প্রশাসন
নিয়োগ শাখা
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৪, ২১৫৭,